দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 SEP 2018
পৃষ্ঠা ৬ কলাম ৬

# ঢাবি ছাত্র ইউনিয়নের নতুন কমিটি

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কার্যকরী কমিটি গঠিত হয়েছে। এতে তুহিন কান্তি দাস সভাপতি ও মো: ফয়েজ উল্ল্যাহ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। গত শুক্রবার সংগঠনটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের মোট ৩১ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে স্থান পাওয়া অন্যরা হলেন- সহ-সভাপতি পদে রমেন চক্রবর্তী টিপু, সাদ্দাম হোসেন দীপক, শুভ মোদক, সুদীপ দাস ও আয়াজ নকীব, সহকারী সাধারণ সম্পাদক পদে তুষার পাল, প্রণব চক্রবর্তী ও আজিজুল হায়াত কনক। এছাড়া সাংগঠনিক সম্পাদক অস্মিতা ফরিদ, কোষাধ্যক্ষ নির্ঝর কান্তি পাল, প্রচার প্রকাশনা সম্পাদক সাখাওয়াত ফাহাদ, দপ্তর সম্পাদক শিপন দে, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক খাইরুল ইসলাম শুভ, সাংস্কৃতিক সম্পাদক শুভ্রা গোস্বামী, ক্রীড়া সম্পাদক সাগর তালুকদার, শিক্ষা ও গবেষণা সম্পাদক রাগীব নাইম ও সমাজকল্যাণ সম্পাদক হিসেবে রাজীব দাস কমিটিতে এসেছেন।